



গণ বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের শিক্ষার্থীদের জন্য বাস্তবমুখী ফিল্ড ভিজিট



সংগৃহীত ছবি

গণ বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ শিক্ষার্থীদের তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগের সুযোগ দিতে আয়োজন করেছে বিশেষ ফিল্ড ভিজিট।

সোমবার (২৭ অক্টোবর) বাংলাদেশ জাতীয় উদ্ভিদ উদ্যানের বিভিন্ন স্থানে এই কার্যক্রম অনুষ্ঠিত হয়। সহকারী অধ্যাপক মাহমুদা উম্মে রায়হানের নেতৃত্বে চতুর্থ ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। এসময় কৃষি অনুষদের সিনিয়র লেকচারার লাবনী ইয়াসমিনও উপস্থিত ছিলেন।

ফিল্ড ভিজিটে শিক্ষার্থীরা বিভিন্ন উদ্ভিদ প্রজাতি, বনজ বৃক্ষ সংরক্ষণ এবং অ্যাগ্রোফরেস্ট্রি পদ্ধতির ব্যবহারিক দিক সরাসরি দেখার সুযোগ পান। শিক্ষার্থীরা জানান, এই ধরনের সরাসরি অভিজ্ঞতা তাদের শেখার আগ্রহ এবং বোঝার ক্ষমতা বৃদ্ধি করেছে। তারা আশা প্রকাশ করেন, ভবিষ্যতে প্রতিটি কোর্সে নিয়মিত এমন কার্যক্রম আয়োজন হলে শিক্ষা আরও ফলপ্রসূ ও আকর্ষণীয় হবে।

সহকারী অধ্যাপক মাহমুদা উম্মে রায়হান বলেন, “শিক্ষার্থীরা ক্লাসরুমে যে তাত্ত্বিক জ্ঞান অর্জন করেছে, তা মাঠ পর্যায়ে ব্যবহার করতে পারার মাধ্যমে তাদের দক্ষতা ও বাস্তব অভিজ্ঞতা বাড়বে। সরাসরি দেখার ও শোনার মাধ্যমে শেখার এই প্রক্রিয়া তাদের শিক্ষাকে আরও কার্যকর ও উপভোগ্য করবে।”